2059

# শিলচর পৌরনিগম কার্যালয়

শিলচর ::: কাছাড়

-: বিজ্ঞপ্তি :-

2255

এতদ্বারা সংশ্লিষ্ট মহলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, শিলচর পৌরনিগমের অধীনস্থ নিউ মার্কেট, ফাটক বাজার, ইটখলা মার্কেট , সংসঙ্গ নগর মার্কেট ও ন্যাশনেল হাইওয়ে মার্কেটের ২০২৬-২৭ সনের ১২ (বারো) মাসের অর্থাৎ ০১-০৪-২০২৬ ইং হইতে ৩১-০৩-২০২৭ ইং পর্যন্ত মাশুল আদায়ের জন্য বন্দোবস্ত দেওয়া হইবে।এ সংক্রান্ত দরপত্র সমূহ দাখিলের শেষ সময়সীমা ০২ ই ফেব্রুয়ারী ২০২৬ (সোমবার) দুপুর ৩:০০ (তিন) ঘটিকা পর্যন্ত দাখিল করিতে পারিবেন। বিশদ বিবরণের জন্য পৌরনিগম কার্যালয়ে (খোলার দিনে) বেলা ১১:০০ (এগারো) ঘটিকা হইতে বিকাল ৩:০০ (তিন) ঘটিকা পর্যন্ত যোগাযোগ করিতে পারিবেন।

উল্লেখ্য যে, যে কোন ও সময়ে টেন্ডার পৌরনিগমের আযুক্ত বিনা কারণে নোটিশ ব্যতিত বাতিল করিতে পারিবেন। তৎসঙ্গে কেন্দ্রীয় সরকারের পরিসেবা কর (GST) শতকরা ১৮.০০ (আঠারো) % percent নিলাম দরের উপর ধার্য্য হইবে এবং রাজ্য সরকারের আইনুযায়ী কর / ফিস ইত্যাদির দায়িত্ব ইজারদারকে বহন করিতে হইবে।

আযুক্ত
শিলচর পৌরনিগম
Commissioner
Silchar Municipal Corporation

মেমো নং - এস.এম.জি.এম-০১/২০২৫-২৬ / 4079-4086

প্রতি :-

1. The Administrator, Silchar Municipal Corporation for favour of information.
2. The Deputy Director of Information & Public Relation, Barak Valley Region Silchar, Cachar to kindly publish the said notice in the leading daily newspaper.
3. The Superintendent of Accounts, Silchar Municipal Corporation for information.
4. The Head Assistant, Silchar Municipal Corporation for information.
5. The Tax Daroga, Silchar Municipal Corporation for Information.
6. Book Copy.
7. File Copy.
8. Notice Board.

আযুক্ত
Commissioner
শিলচর পৌরনিগম
Silchar Municipal Corporation

২০৫৪

# শিলচর পৌরনিগম কার্যালয়

## -: বিজ্ঞপ্তি :-

এতদ্দ্বারা সংশ্লিষ্ট মহলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, শিলচর পৌরনিগমের অধীনস্থ বাজার সমূহ ২০২৬-২৭ সনের (এক বৎসর) অর্থাৎ ০১/০৪/২০২৬ ইং হইতে ৩১/০৩/২০২৭ ইং (১২ মাস) পর্য্যন্ত মাশুল আদায়ের জন্য বন্দোবস্ত দেওয়া হইবে। ইচ্ছুক ব্যক্তিবর্গ আগামী ০২ই ফেব্রুয়ারী ২০২৬ইং (সোমবার) দুপুর ৩ (তিন) ঘটিকা পর্য্যন্ত পৌর কার্যালয়ে আবদ্ধ খামে দরপত্র দাখিল করিতে পারিবেন।

| ক্রমিক নং | বাজার সমূহ | নূন্যতম | টেন্ডার ফি |
|---|---|---|---|
| ১ | উদ্দি বাজার, ফাটক বাজার। | ১,৯০,০০০.০০ | ২৫০.০০ |
| ২ | উদ্দি বাজার, নিউ মার্কেট। | ২,০৩,০০০.০০ | ২৫০.০০ |
| ৩ | খুচরা মাছ বাজার, হাঁস, মোরগ, পাঠা ইত্যাদি নিউ মার্কেট। | ৩,০৪,০০০.০০ | ২৫০.০০ |
| ৪ | খুচরা মাছ বাজারের ব্যবসায়ীদেরকে পাল্লা পাথর সরবরাহের ও ইলেকট্রিক বাতির মাশুল আদায় করা নিউ মার্কেট। | ৯৮,০১১.০০ | ২৫০.০০ |
| ৫ | হাঁস,মুরগীর বাজার, পাঠা,ছাগল ইত্যাদি ফাটক বাজার। | ১,৬৫০.০০ | ৭৫.০০ |
| ৬ | উদ্দি বাজার, ইটখলা মার্কেট। | ১,৭৮,৫৯২.০০ | ২৫০.০০ |
| ৭ | মাছ বাজার,হাঁস, মোরগ, পাঠা,ছাগল ইত্যাদি ইটখলা মার্কেট। | ১,৫২,৫০৫.০০ | ২৫০.০০ |
| ৮ | মাছ বাজারের ব্যবসায়ীদেরকে পাল্লা-পাথর, বাকস, কেরোসিন বাতি সরবরাহ বাজার ইটখলা মার্কেট। | ৫১,৫০৫.০০ | ৭৫.০০ |
| ৯ | মাছ বাজার,হাঁস, মোরগ, পাঠা,ছাগল ইত্যাদি সৎসঙ্গ নগর মার্কেট। | ৫৩,৮৬১.০০ | ২৫০.০০ |
| ১০ | উদ্দি বাজার, সৎসঙ্গ নগর মার্কেট। | ৩৮,৩০১.০০ | ২৫০.০০ |
| ১১ | উদ্দি বাজার, ন্যাশনেল হাইওয়ে মার্কেট। | ১,৭০,০০০.০০ | ২৫০.০০ |
| ১২ | মাছ বাজার,হাঁস, মোরগ, পাঠা,ছাগল ইত্যাদি ন্যাশনেল হাইওয়ে মাছ বাজার, ন্যাশনেল হাইওয়ে মার্কেট। | ১,১৬,০০০.০০ | ২৫০.০০ |

## -: শর্তাবলী :-

১। উপরোক্ত বাজারের নূন্যতম হার ১২ মাসের জন্য দেওয়া হইল, তাহা অপেক্ষা কম হারে দরপত্র দেওয়া হইলে তাহা গ্রহণ করা বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষের উপর থাকিবে এবং প্রত্যেক বাজারের জন্য টেন্ডার ফির হার নিম্নে দেওয়া হইলো, ঐ টেন্ডার ফি পৌরকার্যালয়ে জমা করত: দরপত্রে সঙ্গে রসিদ জমা দিতে হইবে।

২। দরপত্র মূল্যে, সংখ্যায় ও কথায় উল্লেখ করিতে হইবে। কোন দরমূল্য শুদ্ধ করিতে হইলে তাহা সম্পূর্ণ লিখা কর্ত্তন করত: দস্তখত করিতে হইবে এবং পুনরায় দরপত্র মূল্য লিখিতে হইবে। কোন অবস্থায় লিখার উপর লিখন (Over Writing) গ্রাহ্য হইবে না।

৩। যাহারা দরপত্র দাখিল করিবেন, তাহাদের বাসস্থানের সম্পূর্ণ বিবরণ দাখিল করিতে হইবে। যদি কেহ পৌরোসীমার বাহিরে বসবাস করেন সেক্ষেত্রে পৌরসীমার অন্তবর্তী কোন একজন বাড়ীর মালিক জামিন (Security) হিসাবে থাকিতে হইবে।



Scanned with OKEN Scanner

৪। দরপত্র মুল্যের সমস্ত টাকা দরদাতাকে আদায় করিতে হইবে এবং দরপত্র সাব্যস্ত হওয়ার অব্যবহিত পরই দরমূল্যের তিন মাসের টাকা ইজারাদার বা বন্দোবস্তকারী জামানত হিসাবে দিতে হইবে, অন্যথায় তাহার দায় ও ঝুকিতে ২য় সর্বোচ্চ দরপত্রকারীকে ঐ ইজারার প্রস্তাব (অফার) করা হইবে এবং তাহাতে যে ক্ষতি হইবে তাহা সর্বোচ্চ দরপত্রকারীকে আদায় করিতে হইবে।

৫। দরপত্রের বাকি টাকা সমান ৯ (নয়) কিস্তিতে ২০২৬ ইংরেজি সনের এপ্রিল মাস হইতে ডিসেম্বর মাস পর্য্যন্ত প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে অর্থাৎ প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে আদায় করিতে হইবে।

৬। দ্রবমূল্য সম্পর্কে পৌর কর্তৃপক্ষ সময় সময় নির্দেশ দিতে পারিবেন তাহাতে ইজারাদার কোন আপত্তি করিতে পারিবেন না বাজারের সস্তর বা খোলা বাজারস্থ কোন দোকান আবশ্যক মত পৌরসভা উঠাইয়া দিলে বন্দোবস্তকারী ইহার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ বা মাশুল দাবী করিতে পারিবেন না।

৭। আবশ্যক বিবেচনায় ইজারাদার বাজারের উন্নতি বা শৃঙ্খলার জন্য এক বা একাধিক বিক্রেতাকে এক স্থান হইতে অন্য স্থানে উঠাইয়া নিতে পারিবেন এবং ইহাতে কোন মতানৈক্য সৃষ্টি হইলে সংশ্লিষ্ট বাজার বাবু বা প্রয়োজনবোধে পৌর কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। কোন দরপত্র দাতা বা তার প্রতিনিধি কিংবা কর্মচারী দরপত্র নোটিসের কোন সর্ত লঙ্ঘন করিলে অথবা নির্দিষ্ট কিস্তি অনুসারে দরমূল্যের টাকা আদায় না করিলে ঐ দরপত্রের ভিত্তিতে এওয়া ইজারা খারিজ বলিয়া গণ্য হইবে।

৯। বন্যা, অগ্নি, দাঙ্গা-হাঙ্গামা, হরতাল, মন্দা বাজার, নালা-নর্দমা, অপরিষ্কার রাস্তা সংস্কারের অভাব, জল ও বাতির অপ্রতুলতা ইত্যাদি কোন কারণে ইজারাদার ক্ষতিগ্রস্থ হইলে দরপত্র মূল্য হইতে কোন রেহাই দেওয়া হইবে না।

১০। দরপত্র দাখিলের জন্য পরপত্র মূল্যের ৫ (পাঁচ) শতাংশ হারে জমানত (কলডিপোজিট) জমা দিতে হইবে এবং দরপত্র ফয়শলা হওয়ার পর যাহার দরপত্র গ্রহণ করা হইবে তাহার ব্যতিত বাকি সকলের জামানত (কলডিপোজিট) ফেরৎ দেওয়া হইবে। দরপত্র গ্রহণ হওয়ার অব্যবহিত পরই ইজারাদার যদি দরপত্র মূল্যের তিন মাসের টাকা জমা না দেন তাহা হইলে জামানত (কলডিপোজিট) বাজেয়াপ্ত করা হইবে।

১১। দরপত্র দাতাগণ দরপত্রের সহিত সম্প্রতি তোলা ২ (দুই) কপি ফটো জমা দিতে হইবে, যাহা সরকারি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যায়িত (এটেস্টেড)করা হইতে হইবে।

১২। ইজারদেরকে পৌরনিগমের নির্দ্ধারিত হারে মাশুল আদায় করিতে হইবে। বিশেষ করে মাছ বাজারে ইজারাদার মাছ ব্যবসায়ী হইতে একই ডালার জন্য প্রত্যহ একবার মাত্রে আদায় করিতে পারিবেন।

১৩। এই সকল ইজারার ক্ষেত্রে প্রযোজ্য কেন্দ্রীয় বা রাজ্য সরকারের আইনুযায়ী ট্যাক্স, ফিস ইত্যাদির দায়িত্ব ইজারাদারকে বহন করিতে হইবে যেমন কেন্দ্রীয় সরকারের পণ্য ও সেবা কর (GST) শতকরা ১৮.০০ ( আঠারো ) টাকা নিলাম দরের উপর দিতে হইবে।

১৪। উল্লেখ্য থাকে যে, মাছ বাজারের ইলেক্ট্রিক বাতি মাছ ব্যবসায়ীরা পৌরনিগমের নির্দিষ্ট ওয়াটের উর্দ্ধে ও নির্দ্ধারিত সময়ের বাহিরে ব্যবহার করিতে পারিবেন না।



Scanned with OKEN Scanner

১৫। সকল ইজারদারগণ দরমূল্যের ৩(তিন) মাসের টাকা জমানত দিয়া বাকী অবশিষ্ট টাকার ৬০% টাকা এবং ২৫,০০০.০০ হাজার টাকা জমা দিতে হইবে,তৎসঙ্গে বাণিজ্যিক অনুজ্ঞাপত্র (Trade License Fee) জমা দিতে হইবে।

১৬। দরপত্র ইচ্ছুক ব্যাক্তিগন উক্ত বিজ্ঞপ্তির বিষয়ে জানার জন্য প্রত্যেহ অফিস খোলার দিন বেলা ১১.০০ ঘটিকা হইতে ৩.০০ ঘটিকা পর্য্যন্ত যোগাযোগ করিতে পারিবেন।

আযুক্ত
শিলচর পৌরনিগম

Memo No.SMGM-1/2025-26/ 4091-4101

Dated,Silchar the 03/01/2026

Commissioner
Silchar Municipal Corporation

Copy to:-

1. The Administrator, Silchar Municipal Corporation for favour of information..
2. The Senior Superintendent of Police, Cachar, Silchar for information.
3. The Deputy Director of Information & Public Relation, Barak Valley Region, Silchar, Cachar to kindly publish the said notice in the leading daily newspaper.
4. The Chairman, Cachar Zila Parishad, Cachar, Silchar for information.
5. The Superintendent of Accountants, Silchar Municipal Corporation, Silchar for information.
6. The Head Assistant, Silchar Municipal Corporation, Silchar for information.
7. The Tax Daroga, Silchar Municipal Corporation, Silchar for information.
8. All Bazar Supervisors for information. They are directed to arrange wide publicity in their jurisdiction by beats of drum.
9. Office Notice Board.
10. All Bazar Office Notice Board.
11. File copy

SILCHAR MUNICIPAL CORPORATION
Estd.- 1882
SILCHAR

আযুক্ত
শিলচর পৌরনিগম

Commissioner
Silchar Municipal Corporation



Scanned with OKEN Scanner